# ফ্যাক্টরি আইন - ১৯৪৮ (FAQ)

১) কারখানা আইন, ১৯৪৮ অনুসারে "কারখানা" বলতে কি বোঝায়?

উঃ কারখানা বা Factory বলতে বোঝায়- নির্দিষ্ট সীমানার (Precincts) অর্ন্তভূক্ত যে জায়গায়

(ক) দশ বা দশের অধিক Workers নিয়ে বিগত বারো মাসের মধ্যে অন্তত একদিন Power সহযোগে উৎপাদন প্রক্রিয়া (Manufacturing process) হয়েছে (সেকশন 2m(i) অনুযায়ী);

(খ) কুড়ি বা কুড়ির অধিক Workers নিয়ে বিগত বারো মাসের মধ্যে অন্তত একদিন Power ছাড়া উৎপাদন প্রক্রিয়া (Manufacturing process) হয়েছে (সেকশন 2m(ii) অনুসারে)।

এছাড়া কয়েকটি বিশেষ Manufacturing process এর ক্ষেত্রে যেমন -

(ক) বাজি উৎপাদন এবং প্যাকিং;

(খ) রাবার এবং প্লাস্টিক জাতীয় দ্রব্য উৎপাদন;

(গ) কীটনাশক (Pesticides) উৎপাদন;

(খ) অ্যামোনিয়া ব্যবহার করে বরফ তৈরী;

ইত্যাদি ক্ষেত্রে ১০ জন এর নীচে লোক কাজ করলেও সেগুলি কারখানা হিসাবে গন্য হবে (Section-85) অনুসারে।

২) কারখানা আইন অনুসারে "Manufacturing Process" বা উৎপাদন প্রক্রিয়া বলতে কি বোঝায়?

উঃ উৎপাদন প্রক্রিয়া বা Manufacturing Process বলতে বোঝায় বিক্রী, পরিবহন, সরবরাহ বা ব্যবহার করার উদ্দেশ্যে কোন কিছু তৈরী (Making) করা, পরিবর্তন (altering) করা, সারাই (repairing) করা, প্যাকিং (Packing) করা, পরিস্কার (cleaning) করা, ধৌত (washing) করা, টুকরো (breaking up) করা, ভেঙে ফেলা ইত্যাদি অথবা জল, তেল, Pump ইত্যাদি করা, বিদ্যুৎ উৎপাদন বা পরিবহন করা এবং কোন বস্তুকে নিচু তাপমাত্রায় (Cold storage) সংরক্ষণ করা। এছাড়া আরো বেশ কয়েকটি প্রক্রিয়া Manufacturing Process এর অর্ন্তভূক্ত। এই সংক্রান্ত কারখানা আইন, ১৯৪৮ এর Section 2(k) ধারাটি দেখতে অনুরোধ করছি।

৩) কোন ধরনের কারখানা তৈরী এবং চালুর ক্ষেত্রে মুখ্য কারখানা নির্দ্দেশকের (Chief Inspector of Factories) এর পূর্ব অনুমোদন লাগে বা আবেদন করতে হয়?

উঃ Section 2m(i) এবং Section 2m(ii) এই দুই ধারার আওতায় আসা কারখানা গুলির ক্ষেত্রে কারখানা তৈরীর পূর্বে নক্সা (Plan) অনুমোদন (approval) এর জন্য এবং চালু করার পূর্বে কারখানার নিবন্ধীকরণ (Registration) এবং ছাড়পত্র (Licence) পাবার জন্য নির্দিষ্ট ফর্মে আবেদন করতে হয়।

৪) কোন ধরনের কারখানা চালাতে গেলে কারখানা আইন, ১৯৪৮ অনুসারে লাইসেন্স নিতে হয়?

উঃ কারখানা আইনের Section 2m(i), Section 2m(ii), এবং Section 85 এর মধ্যে যারা পড়বে তাদের সবাইকেই Licence নিতে হবে।

৫) Online -এ কারখানার নক্সা (Plan) অনুমোদনে (approval) এর জন্য কি করতে হবে?

উঃ এ ব্যাপারে আমাদের পোর্টালে "Approval of Factory Plan" শিরোনামে যে বিষয়টি আছে, সেটি দেখতে অনুরোধ করছি।

৬) Online-এ নিবন্ধীকরণ (Registration) এবং ছাড়পত্র (Licence) এর জন্য কি ভাবে আবেদন করতে হবে?

উঃ এ ব্যাপারে আমাদের পোর্টালে "Registration and grant of Licence" এই শিরোনামে বিস্তারিত বলা আছে। অনুগ্রহ করে দেখুন।

৭) ছাড়পত্র (Licence) নবীকরণ (Renewal) এর জন্য আবেদন করার পদ্ধতি কি?

উঃ অনুগ্রহ করে "Renewal of Factory Licence" বলে যে Online manual টি দেওয়া আছে সেটি পড়ুন এবং নির্দেশগুলি অনুসরণ করে আবেদন করুন।

৮) ছাড়পত্র সংশোধন (Licence amendment) বা হস্তান্তর (transfer) করতে চাইলে কি করতে হবে?

উঃ অনুগ্রহ করে "Amendment/Transfer of Factory Licence" বলে এই পোর্টালে যে Online manual টি দেওয়া আছে সেটি কে অনুসরণ করে আবেদন করুন।

৯) পোর্টালের মাধ্যমে কোন Service পেতে চাইলে আমাকে কি কি কাগজপত্র বা ডকুমেন্ট আপলোড করতে হবে?

উঃ এই পোর্টালের মূল পর্দা বা home screen এ Sop and Timeline of EOBD tab দেখতে পাবেন। সেইখানেই বিভিন্ন সার্ভিসের Standard operating procedure এর মধ্যে এ ব্যাপারে বিস্তারিত বলা আছে।

১০) আমি কি আমার আবেদন পত্রটি কোথায় কি অবস্থায় আছে সেটা Track করতে বা জানতে পারব?

উঃ অবশ্যই পারবেন। আপনি পোর্টালে লগ্ ইন করে 'application status' দেখতে পারবেন।

১১) আবেদন করার কত দিনের মধ্যে প্রয়োজনীয় অনুমতি বা ছাড়পত্র পাওয়া যেতে পারে? এ ব্যাপারে কোন নির্দিষ্ট সময় সীমা আছে?

উঃ হ্যাঁ। পশ্চিমবঙ্গ সরকারের WBRTPS Act 2013 অনুযায়ী যদি আপনি পূর্নাঙ্গ এবং সঠিক আবেদন করেন তবে আবেদন করার ৫০ দিনের মধ্যে কারখানার নক্সা (approval of plan) অনুমোদন করা হবে এবং ৬৫ দিনের মধ্যে নতুন কারখানার নিবন্ধীকরণ (Registration) এবং ছাড়পত্র তথা লাইসেন্স প্রদান করা হবে। লাইসেন্স সংশোধিত (amendment) এবং হস্তান্তর (transfer) এর ক্ষেত্রে এই সময়সীমা ৯০ দিন।

১২) ছাড়পত্র (Licence) ফিজ্ কি ভাবে হিসাব (Calculate) করব?

উঃ আমরা সাধারণত চার ধরনের কারখানার ফিজ্ নিয়ে থাকি। প্রথমটি হলো 'A' তালিকা (Schedule) ভুক্ত। কারখানা আইন, ১৯৪৮ এর 2m(i) সেকশনের অর্ন্তগত কারখানাগুলি এর মধ্যে পড়বে বাণিজ্যিক ভাবে বিদ্যুৎ উৎপাদনকারী (Electricity Generating Station) কারখানাগুলি ছাড়া। এক্ষেত্রে শ্রমিকের সংখ্যা এবং কারখানায় অবস্থিত মেশিনগুলির সম্মিলিত অশ্বশক্তি তথা হর্সপাওয়ার (h.p.) /অথবা কিলোওয়াট (KW) বিচার করে ফিজ্ ধার্য হবে।

দ্বিতীয়টি হলো 'B' তালিকা (Schedule) ভুক্ত। এখানে বাণিজ্যিক ভাবে বিদ্যুৎ উৎপাদনকারী কারখানাগুলি পড়বে। এখানে বিদ্যুৎ উৎপাদনের মোট ক্ষমতার উপর ভিত্তি করে ফিজ নেওয়া হয়।

তৃতীয়টি হলো 'C' তালিকা (Schedule) ভুক্ত। এই কারখানা আইনের সেকশন 2m(ii) অর্থাৎ যে সব কারখানাগুলিতে বিদ্যুৎ চালিত কোন মেশিন উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত হয় না সেগুলি এর আওতায় পড়বে। এখানে বছরের কোন একদিন সর্বাধিক যত শ্রমিক নিয়োগ করা হয় সেটার উপর ভিত্তি করে ফিজ ধার্য হবে।

চতুর্থটি হলো 'D' তালিকা (Schedule) ভুক্ত। কারখানা আইনের সেকশন 85 এর অর্ন্তগত কারখানাগুলি যেখানে ১০ জনের নীচে শ্রমিক আছে সরকারী তালিকাভুক্ত বিশেষ কয়েকটি উৎপাদন প্রক্রিয়ার সাথে যুক্ত।

এই পোর্টালে লাইসেন্স ফি ট্যাব (Licence Fee Tab) দেওয়া আছে ফিজ্ হিসাব করার জন্য। এছাড়া স্বয়ংক্রিয় ফিজ্ হিসাব করার (Auto Fees Calculation) সুবিধাও এই পোর্টালে আছে। লাইসেন্স আবেদন করার যে নির্দিষ্ট ফর্ম (Common Application Form) আছে সেটি সঠিকভাবে ভর্ত্তি (Fill up) করলেই আবেদনকারী তাঁর কারখানার ক্ষেত্রে প্রযোজ্য ফিজ দেখতে পাবেন।

১৩) ছাড়পত্র (Licence) ফি ছাড়া অন্য কোন ধরনের ফিজ কি অন্য পরিষেবাদির (Service) জন্য দিতে হয়?

উঃ হ্যাঁ। নিবন্ধীকরণ বা Registration এর জন্য ১০০০ টাকা এবং লাইসেন্স সংশোধন (amend) বা Transfer (হস্তান্তর) করতে চাইলে প্রতি ক্ষেত্রে ১০০০ টাকা ফিজ দিতে হয়।

১৪) কি ভাবে আমি ছাড়পত্র (Licence fees) ফি প্রদান করব?

উঃ অনুগ্রহ করে প্রথমে CAF (Common Application Form) fill up করুন। তাহলে নিজের থেকেই পোর্টালে আপনি দেখতে পারবেন আপনার ক্ষেত্রে কত টাকা জমা দিতে হবে অনলাইনে। রাজ্য সরকারের GRIPS পোর্টালের সঙ্গে ফ্যাক্টরি ডাইরেক্টরেটের পোর্টালের সংযোগ রয়েছে। কাজেই আপনি 'PAY NOW' অপশন সিলেক্ট করে টাকা জমা দিন। এই জমা দেওয়া টাকা স্বয়ংক্রিয় ভাবেই (Autometically) আপনার CAF -এ প্রতিফলিত হবে Payment-এর ঘরে। আপনাকে আলাদা ভাবে ফর্মের এই জায়গা ভর্ত্তি করতে হবে না।

১৫) লাইসেন্স নবীকরনের (Renewal) ক্ষেত্রে Due date বা আইনগত নির্ধারিত তারিখ কোনটি?

উঃ প্রতিটি লাইসেন্সে-এর মেয়াদ (Vallid upto) লেখা থাকে। এটাই আপনার Due date। এর পূর্বে সর্বোচ্চ ১৫০ দিন আগে আপনি নবীকরন (Renewal)-এর আবেদন করতে পারেন।

১৬) নির্ধারিত দিনের পূর্বে আবেদন না করলে লাইসেন্স নবীকরনের ক্ষেত্রে বাড়তি কত ফিজ দিতে হবে?

উঃ ২০১৯ সাল এবং পরবর্তী বছরগুলির ক্ষেত্রে লাইসেন্স এর মেয়াদ শেষ হওয়ার পরে ৯০ দিনের মধ্যে আবেদন করলে বাড়তি ৫০% ফিজ্ দিতে হবে এবং ৯০ দিন পার হয়ে গেলে বাড়তি ১০০% ফিস্ দিতে হবে।

২০১৮ সাল পর্যন্ত বছরগুলি ক্ষেত্রে মেয়াদ শেষ হওয়ার পর ৩১শে মার্চ পর্যন্ত ২৫ শতাংশ বেশী এবং ৩১-শে মার্চের পরের ক্ষেত্রে ৫০ শতাংশ বাড়তি ফিস নেওয়া হয়।

তবে এখন পোর্টালে নিজে থেকেই এই ক্যালকুলেশন করে দেবে। ফর্ম ফিলাপ করলেই এটা দেখতে পাওয়া যাবে।

১৭) সর্বোচ্চ কত দিনের জন্য লাইসেন্স প্রদান করা হয় বা নবীকরণ করা হয়?

উঃ বর্তমানে সর্বোচ্চ আগামী ১৫ বৎসরের জন্য লাইসেন্স প্রদান করা হয়।

১৮) আমরা কি Auto Renewal of Licence এর সুযোগ পেতে পারি?

উঃ হ্যাঁ। অবশ্যই পেতে পারেন। অন-লাইন ম্যানুয়ালে 'Auto Renewal of Factory Licence'-এ বিষয়টি বলা আছে। একটু খেয়াল রাখবেন যে Auto Renewal-এর ক্ষেত্রে লাইসেন্স-এর মেয়াদ শেষ হওয়ার পূর্বে আবেদন করতে হবে এবং আপনার পূর্বের লাইসেন্সটি অবশ্যই অনলাইন মোডে প্রাপ্ত হতে হবে। এছাড়া আগের লাইসেন্স-এ যে সমস্ত ডাটা (data) বা তথ্য ভরেছিলেন সেগুলির রদবদল থাকা চলবে না। Auto Renewal ক্ষেত্রে পূর্বে কোন ফিজ বাড়তি দেওয়া থাকলে সেটি সামঞ্জস্য (adjust) করার সুযোগ নেই।

১৯) কখন লাইসেন্স (Licence) বাতিল করা হয় এবং বাতিল (cancelled) করার প্রক্রিয়াটি কি?

উঃ যে সমস্ত কারখানায় বৈদুতিন মেশিন আছে সে ক্ষেত্রে সর্বমোট শ্রমিকসংখ্যা ১০ জন এর নীচে হয়ে গেলে অথবা যে সমস্ত কারখানায় ম্যানুয়ালি কাজকর্ম হয় তাদের ক্ষেত্রে ২০-এর নীচে শ্রমিক সংখ্যা নেমে গেলে অথবা যে কোন ধরনের কারখানাতেই উৎপাদন স্থায়ী ভাবে বন্ধ হয়ে গেলে লাইসেন্স বাতিল হয়।

এ ব্যাপারে আবেদন করতে চাইলে আবেদন পত্রের সঙ্গে Occupier-এর সই করা closure notice দিতে হবে এবং কারণ দর্শাতে হবে। সেই সঙ্গে closure-এর পূর্ব মুহূর্তে সর্বোচ্চ কতজন শ্রমিক কাজ করতেন সেটাও জানাতে হবে।

মনে রাখতে হবে closure date-এর সময়ে যেন কারখানার বৈধ্য (Valid) লাইসেন্স থাকে।

উপযুক্ত কাগজপত্র দিয়ে প্রমান করতে হবে যে শ্রমিকদের বকেয়া কারখানা আইন, ১৯৪৮ অনুযায়ী কিছু নেই। সেই সঙ্গে ফ্যাক্টরিতে কি মেশিনপত্র আছে এবং বিপজ্জনক (hazardous) কোন রাসায়নিক (Chemical) বা অন্য কোন ধরনের মাল মজুত করা আছে কিনা এবং সেগুলির সুরক্ষার জন্য কি ব্যবস্থা নেওয়া আছে সে বিষয়ে ঘোষনাপত্র (declaration) জমা দিতে হবে এবং সেগুলি যথাযথ ভাবে সুরক্ষার ব্যবস্থা করতে হবে। এছাড়া কারখানা পরিদর্শক বা উর্দ্ধতন কর্তৃপক্ষ কোন document চাইলে দিতে হবে।

২০) কারখানা আইন অনুযায়ী কারখানায় কি ধরনের রেকর্ড রাখতে (maintain) হবে?

উঃ এ ব্যাপারে কারখানা আইন ১৯৪৮ এবং সেই আইন অনুসারে পশ্চিমবঙ্গে তৈরী West Bengal Factories Rules, 1958 -এ বিস্তারিত বলা আছে সহজ ভাষায় -

**Form 13 -** হাজিরা খাতা (Register of adult workers)।

**Form 15 -** ছুটি সংক্রান্ত খাতা (Leave with Wages register)।

**Form 24 -** দুর্ঘটনা সংক্রান্ত বিবরণ লিপিবদ্ধ করার খাতা (Register for accident and dangerous occurrences)।

**Form 8 -** ক্রেন ইত্যাদি Testing record রাখার জন্য।

**Form 9 -** এয়ার কমপ্রেসার রিসিভার Testing record রাখার জন্য।

ইত্যাদি maintain করতে হবে।

২১) আমরা কি আমাদের রেকর্ড ইলেক্ট্রনিক বা ডিজিটাল মোডে রাখতে পারি?

উঃ অবশ্যই। সমস্ত বিধিবদ্ধ রেজিস্টার এবং রেকর্ড অনলাইনে অথবা ডিজিটাল প্ল্যাটফর্মে সংরক্ষণ করা যেতে পারে। এইভাবে সংরক্ষিত রেজিস্টার এবং রেকর্ডগুলি প্রয়োজন বোধ করলে উপযুক্ত কর্তৃপক্ষ পরিদর্শন এবং যাচাই করতে পারেন যে কোন সময়ে।

২২) কোন রিটার্নগুলি দাখিল করতে হবে?

উঃ ক) ফর্ম নং-২২ : বার্ষিক রিটার্ন (Annual Return)।

খ) ফর্ম নং-২৩·৫ : Quarterly return

গ) মাতৃত্বকালীন সুযোগ-সুবিধা সংক্রান্ত মেটার্নিটি বেনিফিট অ্যাক্ট এর অধীনে বার্ষিক রিটার্ন (Annual Return)(যদি কারখানাটি ESIC-র আওতাভুক্ত না হয়)।

ঘ) মজুরি আইন ১৯৩৬ (Payment of Wages Act, 1936) এর অধীনে বার্ষিক রিটার্ন (Annual Return)।

এখন ফ্যাক্টরি ডাইরেক্টরেটের পোর্টালের মাধ্যমে অন-লাইনে সমস্ত রিটার্নগুলিই আপলোড করা যাবে।

২৩) দুর্ঘটনা/বিপজ্জনক ঘটনার রিপোর্ট জমা দেওয়া কি বাধ্যতামূলক?

উঃ হ্যাঁ। নির্ধারিত ফর্ম বা ফরম্যাট নির্দিষ্ট সময়ের মধ্যে বাধ্যতামূলক রিপোর্ট জমা দিতে হবে। এই রিপোর্টগুলি এখন অবশ্য অন-লাইন পোর্টালের মাধ্যমেও জমা করা যেতে পারে।

২৪) কারখানার প্রধান প্রবেশদ্বারে অথবা কাছাকাছি কোন বিজ্ঞপ্তি (Notice) গুলি টাঙাতে হবে?

উঃ ক) কারখানা (Factory)।লাইসেন্স-এর বৈধ্য (Valid) কপি।

খ) কারখানা আইন, ১৯৪৮ এবং তার অধীনে তৈরী হওয়া বিধিগুলির (Rules) সংক্ষিপ্তসার।

গ) পেমেন্ট অফ ওয়েজেস অ্যাক্ট, ১৯৩৬ এবং তার অধীনে তৈরী হওয়া বিধিগুলির (Rules) সংক্ষিপ্তসার।

ঘ) মেটার্নিটি বেনিফিট অ্যাক্ট, ১৯৬১ এবং তার অধীনে তৈরী হওয়া বিধিগুলির (Rules) সংক্ষিপ্তসার।

ঙ) কারখানা পরিদর্শকের এবং Certifying Surgeon -এর নাম ও ঠিকানা।

চ) কারখানাতে কাজের সময়কাল (Notice of period of work)।

২৫) কারখানার অকুপায়ার (Occupier) বা দখলদার কে?

উঃ কারখানার অকুপায়ার (Occupier) বা দখলদার বলতে বোঝায় যার কারখানার সমস্ত কর্মকান্ডের উপর চুড়ান্ত নিয়ন্ত্রন আছে। সাধারনত :-

ক) পার্টনারশিপ ফার্ম বা অ্যাসোসিয়েশনের ক্ষেত্রে যে কোন পার্টনার বা সদস্য (member) Occupier হিসাবে গণ্য হবেন।

খ) কোম্পানির ক্ষেত্রে যে কোন একজন ডিরেক্টর (Director) এবং

গ) কেন্দ্র বা রাজ্য সরকারী সংস্থা অথবা অধিগৃহীত কারখানার ক্ষেত্রে কেন্দ্র বা রাজ্য সরকার বা স্থানীয় প্রশাসন সংস্থা (Local Body) যে ব্যক্তিকে মনোনীত করবেন তিনিই Occupier হিসাবে গণ্য হবেন।

২৬) কারখানার অকুপায়ার (Occupier) -এর দায়িত্ব এবং কর্তব্য কি?

উঃ এ ব্যাপারে কারখানা আইন তথা ফ্যাক্টরি অ্যাক্ট, ১৯৪৮ এর সেকশন্ ৭এ (Section-7A) তে বিস্তারিত ভাবে বলা আছে। সহজ ভাষায় বলতে গেলে কর্মক্ষেত্রের সর্বত্র শ্রমিকদের কাজের নিরাপত্তা এবং স্বাস্থকর পরিবেশ সুনিশ্চিত করা। সেইসঙ্গে সমস্ত মেশিন পত্রের উপযুক্ত রক্ষনাবেক্ষন করা এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া, যাতে সেগুলি নিরাপদ ভাবে চলতে পারে এবং কর্মীদের স্বাস্থ্য এবং সুরক্ষার কোনরকম ক্ষতিসাধন না হয়। শ্রমিকদের উপযুক্ত প্রশিক্ষণ দিতে হবে এবং তাদের কাজের সঠিক তদারকি করতে হবে, যাতে কর্মস্থলে শ্রমিকদের স্বাস্থ্য এবং নিরাপত্তা বিপন্ন না হয়।

২৭) কারখানা আইন, ১৯৪৮ (Factories Act, 1948) এর অধীনে শ্রমিক বা Worker কে?

উঃ কারখানার উৎপাদন প্রক্রিয়া (manufacturing process) বা এর সাথে সম্পর্কিত অন্য যে কোন ধরনের কাজের প্রয়োজনে এমন কি যন্ত্রপাতি বা কারখানা এলাকা পরিষ্কারের জন্য নিযুক্ত ব্যক্তিই শ্রমিক হিসাবে অভিহিত হবেন। তিনি মালিকের দ্বারা সরাসরি বা ঠিকাদারের মাধ্যমেও নিযুক্ত হতে পারেন পারিশ্রমিক বা বিনা পারিশ্রমিকে। এমনকি মূল মালিকের অজ্ঞাতসারেও কারখানার কোন কাজে নিযুক্ত হতে পারেন কারখানার অন্য কর্তৃপক্ষের দ্বারা।

২৮) কারখানা আইনে শ্রমিকদের কোন কর্তব্য বা বাধ্য বাধকতা আছে কি?

উঃ হ্যাঁ। তিনি ইচ্ছাকৃত ভাবে কোন যন্ত্রের অপব্যবহার করবেন না এবং শ্রমিকদের স্বাস্থ্য, সুরক্ষা ও কল্যাণের জন্য যে সমস্ত ব্যবস্থা বা বিধি প্রস্তুত করা আছে সেগুলি অবহেলা করবেন না বা এসব ব্যাপারে এমন কোন হস্তক্ষেপ করবেন না যাতে তাঁর বা অন্যান্য শ্রমিক দের জীবন বিপন্ন হয়।

২৯) কারখানা আইনে শ্রমিকদের অধিকারগুলি কি কি?

উঃ প্রতিটি শ্রমিকের অধিকার আছে-

ক) কারখানার অকুপায়ারের কাছ থেকে কর্মক্ষেত্রে স্বাস্থ্য এবং সুরক্ষা সংক্রান্ত তথা পাওয়া।

খ) নিজেকে যতদুর সম্ভব কারখানার ভিতরে প্রশিক্ষিত করার সুযোগ পাওয়া অথবা মুখ্য কারখানা পরিদর্শকের দ্বারা অনুমোদিত কোন প্রতিষ্ঠানে শ্রমিকদের স্বাস্থ্য ও সুরক্ষার জন্য নির্ধারিত কোন প্রশিক্ষন প্রক্রিয়য় অংশ নেওয়া।

গ) কর্মক্ষেত্রে শ্রমিকদের স্বাস্থ্য ও সুরক্ষা সুনিশ্চিত করার ব্যাপারে কোন ঘাটতি থাকলে তিনি সরাসরি বা কোন প্রতিনিধির মাধ্যমে কারখানা পরিদর্শকের সঙ্গে কথা বলতে পারেন।

৩০) কোন শিল্প-কারখানা গুলিকে বিপজ্জনক (hazardous) বলা হবে?

উঃ সাধারনতঃ কারখানা আইন ১৯৪৮ এর প্রথম তালিকা (First schedule)-য় এইসব শিল্পগুলির নাম বলা আছে যেখানে বিপজ্জনক প্রক্রিয়া অনুসরন করা হয়। কাজেই বিস্তারিত জানার জন্য প্রথম তালিকা (First schedule)টি দেখতে অনুরোধ করা হচ্ছে।

৩১) কারখানা আইন, ১৯৪৮ অনুসারে উপযুক্ত ব্যক্তি বা Competent person কে বা কারা?

উঃ মুখ্য কারখানা পরিদর্শক (Chief Inspector of Factories) কিছু ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অনুমোদন দিয়ে থাকেন কারখানার বিশেষ কিছু যন্ত্রপাতি, মেশিন (যেমন ক্রেন, কমপ্রেসার, প্রভৃতি), বিল্ডিং এর স্থিতিশীলতা (Stability) ইত্যাদি প্রয়োজনীয় পরীক্ষা (test) বা examination (পরীক্ষা-নিরীক্ষা) করেসেগুলির কোন ত্রুটি বিচ্যুতি আছে কিনা বা সেগুলি নিরাপদে ব্যবহার করা যাবে কি না জানবার জন্য। এদের কেই বিশেষ যোগ্যতা সম্পন্ন ব্যক্তি বা Competent person বলে।